শেখ হাসিনার উদ্যোগ

## চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১
## পটিয়া, চট্টগ্রাম

ISO 9001:2015 Certified

ইমেইল:ctgpbs1@yahoo.com, ওয়েব: pbs1.chittagong.gov.bd

স্মারক নং-২৭.১২.১৫৬১.৫২৪.০২.০০৮.২৪. ৬৭০ তারিখ: ২৩ মাঘ, ১৪৩০ ব. / ০৬ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্যপদে লোকবল নিয়োগের নিমিত্ত চট্টগ্রাম জেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থী ব্যতীত বাংলাদেশের অন্য সকল জেলার প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে অনলাইনে **http://pbsctg1.teletalk.com.bd/** ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | বেতন/ভাতা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদে চুক্তিভিত্তিক) | ৩৮ (আটত্রিশ) টি | ১২-০২-২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ২৫ বছরের মধ্যে হতে হবে। | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মাসিক মূল বেতন ১৪,৭০০.০০ টাকা। এছাড়া, অন্যান্য ভাতাদি নিয়মানুযায়ী প্রদান করা হবে। | ০১। শিক্ষাগত যোগ্যতা- ন্যূনতম এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>০২। প্রার্থীকে অবশ্যই গাণিতিক যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করার দক্ষতা থাকতে হবে এবং হাতের লেখা সুন্দর হতে হবে।<br>০৩। (ক) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, উত্তম চরিত্র, ভাল ব্যক্তিত্ব সম্পন্ন, সুন্দর ও সুঠাম দেহের অধিকারী হতে হবে।<br>(খ) গ্রাম-গঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে রিডিং গ্রহন ও বিল বিতরণের কাজ করার মানসিকতা থাকতে হবে এবং পবিসের লক্ষ্য ও কর্মসূচী সম্পর্কে গ্রাহককে অবহিত করতে হবে।<br>০৪। বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।<br>০৫। নিরাপত্তা জামানত হিসেবে পবিসের ক্যাশ শাখায় ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জমা প্রদানের সামর্থ্য থাকতে হবে। | চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন না। |

<u>নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:</u>

০১। **প্রার্থীর বয়স:** ১২-০২-২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ২৫ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরীরত এবং বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন।

০৩। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**
প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে ছ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ফটোকপি দাখিল করতে হবে:

- (ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ);
- (খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
- (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
- (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;
- (ঙ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশপত্র (Admit Card)।
- (চ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- (ছ) সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে বিভাগীয় ছাড়পত্র/এনওসি।

০৪। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে https://pbs1.chittagong.gov.bd/ এবং পরীক্ষার প্রবেশপত্র টেলিটকের http://pbsctg1.teletalk.com.bd/ লিংকের মাধ্যমে সরবরাহ করা হবে এবং প্রার্থীদের আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে sms এর মাধ্যমে জানানো হবে।

০৫। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

০৬। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

০৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলি অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ হলে এবং পরবর্তী যে-কোনো সময় এ সংক্রান্ত কোনো বিষয় কর্তৃপক্ষের গোচরীভূত হলে, তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তির সময় উত্তীর্ণ হওয়ার পর লোকবলের প্রয়োজন সাপেক্ষে ন্যূনতম ০১/০২ (এক/দুই) দিনের বিরতি দিয়ে পরবর্তী ০১ (এক) বছরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। তবে চুক্তি সম্পাদিত হলেও নিয়োগকারী কর্তৃপক্ষের লোকবল প্রয়োজন না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক ২য় পক্ষের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্ত মোতাবেক চুক্তির অবসান ঘটাতে পারবেন।

১১। চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মচারী (গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী (গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা পরিচালক (গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood)-দের আবেদনের প্রয়োজন নেই। তারা নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১২। চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধু চুক্তির মেয়াদকাল পর্যন্তই বলবৎ থাকবে, যা কোনক্রমেই স্থায়ী করা হবে না।

১৩। দুই বা তার অধিক সহোদরের যে কোনো একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল হবে।

১৪। ইতঃপূর্বে অন্য কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতিপ্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/স্বেচ্ছায় পদত্যাগকারী বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত ছিলেন/দেশের কোনো ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হন তবে কোনো প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

১৫। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অন্যের স্থায়ী ঠিকানা ব্যবহার করে অথবা তথ্য গোপন করে কোনো প্রার্থী নিয়োগ প্রাপ্ত হলে চুক্তি বাতিলসহ তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে বা কোনো বিরূপ তথ্য পাওয়া গেলে তা অবগত করে কোনো প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চুক্তি বাতিল করা হবে।

১৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা/অভিজ্ঞতা/অন্যান্য প্রয়োজনীয় সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোনো সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ে কোনো অসংগতি পরিলক্ষিত হলে তাকে চাকুরীতে যোগদান করতে দেয়া হবে না।

১৮। মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদে চুক্তিভিত্তিক) পদে নিয়োগের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় পবিসের অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর ফেরত প্রদান করা হবে।

১৯। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। চাকুরীর জন্য যে-কোনো ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

**[বি. দ্র. ময়মনসিং পবিস-২, গাজীপুর পবিস-১, চাঁদপুর পবিস-২, কুমিল্লা পবিস-২, ভোলা পবিস, চট্টগ্রাম পবিস-১, টাঙ্গাইল পবিস, ময়মনসিংহ পবিস-১ এবং ব্রাহ্মণবাড়িয়া পবিস-এ বর্ণিত পদে একই তারিখ ও সময়ে নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।]**

২১। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:</u>

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://pbsctg1.teletalk.com.bd/ এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ১২-০২-২০২৪, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ২৯-০২-২০২৪, বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (৩ মাসের মধ্যে) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) <u>SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান</u> : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত <u>পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা</u> অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম SMS:</u>
**PBSCTG1**<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **PBSCTG1 ABCDEF** & send to 16222

<u>দ্বিতীয় SMS:</u>
**PBSCTG1**<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **PBSCTG1** Yes 1234567 & send to 16222

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pbsctg1.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্নিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

**PBSCTG1** <space>Help<space>User<space>User ID & send to 16222

Example: **PBSCTG1** Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে:

**PBSCTG1** <space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example **PBSCTG1** Help PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট https://pbs1.chittagong.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://pbs1.chittagong.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং ctgpbs1@yahoo.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk -এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: **PBSCTG1** Post Name: MRCM, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২২। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online -এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

06/02/24

(প্রকৌ. দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
০২। মেয়র................................ পৌরসভা, চট্টগ্রাম।
০৩। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। পরিচালক, পবিস মানবসম্পদ/পবিস মনিটরিং ও ব্য. প. (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য

০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম (দক্ষিণ), বাপবিবোর্ড।
০৯। ডিজিএম, সদর-কারিগরী/কর্নফুলী/বাঁশখালী/বোয়ালখালী/আনোয়ারা/চন্দনাইশ/সাতকানিয়া/লোহাগড়া জো/অ, চট্টগ্রাম পবিস-১।
১০। এজিএম (ওএন্ডএম), গুণাগরী সাব-জোনাল অফিস, চট্টগ্রাম পবিস-১।
১১। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি), চট্টগ্রাম পবিস-১।
১২। এজিএম (আইটি-২), চট্টগ্রাম পবিস-১। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ প্রমানক সংরক্ষণ করুন)।
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (https://pbs1.chittagong.gov.bd), চট্টগ্রাম পবিস-১।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

06/02/24

(প্রকৌ. দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার